প্রথম আলো

তারিখ 25 AUG 2017
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৫ ...

### স্কুলে শিক্ষক ধর্ষণ

# মানববন্ধন ও প্রধানমন্ত্রীর কাছে স্মারকলিপি

**নিজস্ব প্রতিবেদক, বরিশাল ও বরগুনা প্রতিনিধি** ●

বেতাগীতে স্কুলে শিক্ষককে ধর্ষণ ও নির্যাতনের প্রতিবাদে এবং আসামিদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে বরগুনা জেলার সব উপজেলায় মানববন্ধন কর্মসূচি পালন শেষে প্রধানমন্ত্রীর কাছে স্মারকলিপি দেওয়া হয়েছে। বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির কেন্দ্রীয় কমিটির ডাকে গতকাল বৃহস্পতিবার সারা দেশে এই কর্মসূচি পালিত হয়।

গতকাল সকাল ১০টায় বরগুনা প্রেসক্লাব চত্বরে মানববন্ধন কর্মসূচি অনুষ্ঠিত হয়। এতে সংহতি প্রকাশ করে জেলা আওয়ামী লীগ, হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদ, মহিলা পরিষদ, মহিলা সমিতিসহ বেশ কয়েকটি সংগঠন। এ ছাড়া জেলার বেতাগী, পাথরঘাটা, আমতলী, বামনা উপজেলায়ও একই কর্মসূচি পালন করে শিক্ষকসমাজ।

বরগুনায় মানববন্ধন কর্মসূচিতে যোগ দিয়ে সংহতি জানিয়ে বক্তব্য দেন সাংসদ ধীরেন্দ্র দেবনাথ শম্ভু, উপজেলা চেয়ারম্যান আব্বাস হোসেন, আওয়ামী লীগের নেতা গোলাম সরোয়ার ও সিদ্দিকুর রহমান। বক্তারা ধর্ষণের ডাক্তারি পরীক্ষার প্রতিবেদন নিয়ে প্রশ্ন তোলেন।

আমতলী উপজেলা পরিষদ চত্বরে মানববন্ধন ও সমাবেশে বক্তব্য দেন উপজেলা প্রাথমিক শিক্ষক সমিতির সহসভাপতি শাহজাহান কবির, ভারপ্রাপ্ত উপজেলা চেয়ারম্যান মাকসুদা আকতার, ভাইস চেয়ারম্যান মজিবুর রহমান প্রমুখ। শিক্ষক নেতা আবদুল আলীম বলেন, 'এরপরও যদি আসামিদের গ্রেপ্তার ও ধর্ষণের ডাক্তারি পরীক্ষার প্রতিবেদন যথাযথভাবে না দেওয়া হয়, তাহলে কঠোর আন্দোলনের ঘোষণা দেওয়া হবে।'

১৭ আগস্ট বেতাগী উপজেলার একটি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষককে নির্যাতন ও ধর্ষণ করা হয়। দুজন আত্মসমর্পণ করলেও প্রধান আসামি সুমন বিশ্বাসসহ বাকি চার আসামি এখনো ধরা পড়েননি। এ ঘটনার প্রতিবাদে সারা দেশে মানববন্ধন হয়েছে বলে *প্রথম আলোর* জেলা-উপজেলা প্রতিনিধিরা জানিয়েছেন।